

WE ARE YOUR DOL



Department
of Labor

A proud partner of the American Job Center network

নিউ ইয়র্ক স্টেট কেরিয়ার সেন্টার্স (NEW YORK STATE CAREER CENTERS) সুবিধাজনক, বিনামূল্যের চাকরি সন্ধান পরিষেবা লং আইল্যান্ড (Long Island)

কেরিয়ার কাউন্সেলিং এবং রিজিউমে সহায়তা

আমাদের কাউন্সেলররা আপনাকে আপনার চাহিদা, দক্ষতা ও আগ্রহের মূল্যায়ন করতে সাহায্য করবে। তারা আপনাকে আপনার চাকরি সন্ধান সাহায্য করতে ধাপে-ধাপে প্রক্রিয়ায় আপনাকে গাইড করবেন। ভালো ফল পেতে সুদক্ষ কর্মীরা আপনাকে একটি রিজিউমে লিখতে ও তৈরিতে সাহায্য করবেন। আমরা আপনাকে দেখাব আপনার রিজিউমে কিভাবে মানানসই করে তোলা যায় এবং ইন্টারনেটে কিভাবে আপনার দক্ষতা উপস্থাপন করা যায়।

ভার্চুয়াল ওয়ার্কশপ

দৈনিক লাইভ উপস্থাপকদের সাথে আপনি ভার্চুয়াল ওয়ার্কশপে অংশগ্রহণ করতে পারেন:

- চাকরি খোঁজার কৌশল
- চাকরি খোঁজার সময়পর্বে নিজেকে ঠিক রাখা
- নেটওয়ার্ক তৈরি করা
- রেজিউমে তৈরি করা
- বেতন নিয়ে আলোচনা
- ইন্টারভিউ দেওয়ার দক্ষতা

রিসোর্স ক্লম

আমাদের কেরিয়ার সেন্টার কম্পিউটার, টেলিফোন, প্রিন্টার, কপিয়ার এবং ফ্যাক্সে কোনো চার্জ ছাড়াই অ্যাক্সেস প্রদান করে।

চাকরির সন্ধানের সংস্থান, অনুষ্ঠান এবং কর্মনিয়োগ

নিউইয়র্ক স্টেট জুড়ে ব্যবসায়িক শ্রম বিভাগের সাথে চাকরির সুযোগগুলি তালিকাভুক্ত করে। আপনি myjobsny.usnlx.com/-এ গিয়ে জব বোর্ড এবং অনলাইন চাকুরীর সুযোগগুলো পর্যালোচনা করে দেখতে পারেন।

প্লেসমেন্ট স্পাশালিস্টরা আপনাকে কোনো লক্ষ্যযুক্ত চাকরি অনুসন্ধান করতেও সাহায্য করতে পারেন। চাকরির নিয়োগে এবং অন-সাইট ইন্টারভিউ-এর জন্য অনেক ব্যবসা প্রতিষ্ঠানই আমাদের সেন্টারগুলি ব্যবহার করে।

statistics.labor.ny.gov/career-zone/career-calendar.shtml

ভার্চুয়াল কেরিয়ার সেন্টার

নিউ ইয়র্ক স্টেটের প্রধান অনলাইন চাকরি খোঁজার সাইট, ভার্চুয়াল কেরিয়ার সেন্টার (VCC) মানুষকে তাদের পরবর্তী কেরিয়ার খুঁজে পেতে সাহায্য করার জন্য ডিজাইন করা হয়েছে। উন্নত কৃত্রিম বুদ্ধিমত্তার মাধ্যমে, চাকরিপ্রার্থীরা তাদের দক্ষতা ও অভিজ্ঞতার সাথে সামঞ্জস্যপূর্ণ নিউ ইয়র্কের ব্যবসায়িক প্রতিষ্ঠানের সুযোগগুলি পেতে পারেন। dol.ny.gov/virtual-career-center-ind

প্রাপ্তবয়স্কদের জন্য মৌলিক শিক্ষা / দ্বিতীয় ভাষা হিসাবে ইংরেজি

আপনি যাতে হাই স্কুলের সমতুল্য ডিপ্লোমা পেতে পারেন সেইজন্য বা আপনার ইংরেজি-ভাষা দক্ষতা বাড়াতে আপনাকে সাহায্য করার জন্য আমরা আপনাকে বিনামূল্যে কোর্স করার সুবিধা দিতে পারি।

COURSERA

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ লেবার (শ্রম দপ্তর) শীর্ষস্থানীয় অনলাইন প্রশিক্ষণ প্রদানকারী, Coursera -এর সাথে অংশীদারিত্ব করেছে। কমহীন নিউ ইয়র্কবাসীরা Coursera-এর মাধ্যমে দ্রুত বৃদ্ধি হওয়া শিল্পক্ষেত্র জুড়ে প্রায় 4,000 প্রোগ্রামে অ্যাক্সেস পাবেন এবং ডেটা সায়েন্স, ব্যবসা এবং প্রযুক্তিতে দক্ষতা অর্জন করতে পারবেন। এইসব প্রোগ্রামের মধ্যে অনেকগুলি থেকে সার্টিফিকেট পাওয়া যায়, যা আপনার কেরিয়ারকে উন্নত করতে সাহায্য করতে পারে।

ভোকেশনাল ক্লাসরুম এবং কাজে নিযুক্ত থাকাকালীন প্রশিক্ষণ (যোগ্যতা অর্জনকারীদের জন্য)

দীর্ঘমেয়াদী কেরিয়ারগুলির জন্য আমরা আপনাকে স্বল্পমেয়াদী প্রশিক্ষণে পাঠাতে পারি। *তহবিল প্রাপ্যতা এবং কর্মসূচির বিধির সাপেক্ষে*

বিশেষ বন্দোবস্ত এবং অভিযোজিত প্রযুক্তি

আপনার যদি কোনো অক্ষমতা থাকে এবং কেরিয়ার সেন্টার-এ দেওয়া পরিষেবাগুলি সম্পূর্ণ সহজবোধ্য করার ব্যাপারে সাহায্য বা বিশেষ বন্দোবস্তের প্রয়োজন হয়, তবে অনুগ্রহ করে আমাদের কর্মীদের জানান। আপনাকে সাহায্য করার জন্য স্ক্রিন রিডার, ম্যাগনিফায়ার, টেক্সট-টু-স্পিচ সফটওয়্যার, TTY টেক্সট টেলিফোন, ট্র্যাকবল এবং লার্জ-প্রিন্ট কীবোর্ড সহ সংস্থানগুলি অ্যাক্সেস করতে আমাদের কাছে অভিযোজিত প্রযুক্তি রয়েছে।

ডিজিটাল সাক্ষরতা

চাকরি খোঁজা, পাওয়া এবং বজায় রাখার জন্য ডিজিটাল সাক্ষরতার দক্ষতা থাকা প্রয়োজন।

আমাদের কেরিয়ার সেন্টারে NorthStar ডিজিটাল সাক্ষরতা মূল্যায়ন ও এই বিষয়ক প্রশিক্ষণ দেওয়া হয়:

প্রয়োজনীয় কম্পিউটার দক্ষতা - সাধারণ কম্পিউটার দক্ষতা; ইন্টারনেট বেসিক; ইমেল; Windows; Mac OS-এর ব্যবহার

অত্যাবশ্যক সফটওয়্যার দক্ষতা - Microsoft Word; Microsoft Excel; Microsoft PowerPoint; Google Docs

দৈনন্দিন জীবনে প্রযুক্তির ব্যবহার - সোশ্যাল মিডিয়া; তথ্য স্বাক্ষরতা; কেরিয়ার অনুসন্ধান দক্ষতা; ডিজিটাল ফুটপ্రిন্ট

আপনার কেরিয়ার সেন্টার খুঁজুন

www.labor.ny.gov/career-center-locator

লং আইল্যান্ড (LONG ISLAND) এবং ওয়েস্টচেস্টার

EMPLOYMENT CENTER AT SUFFOLK COUNTY DEPARTMENT OF LABOR

725 Veterans Memorial Highway
Hauppauge, New York 11788
631-853-6600
www.suffolkcountyny.gov/departments/labor

HEMPSTEADWORKS কেরিয়ার সেন্টার

Hempstead Executive Plaza
50 Clinton Street, Suite 400
Hempstead, New York 11550
516-485-5000
www.hempsteadworks.com

HICKSVILLE কেরিয়ার সেন্টার

301 W. Old Country Road
Hicksville, New York 11801
516-934-8532
www.thewp.org

MASSAPEQUA কেরিয়ার সেন্টার

977 Hicksville Road
Massapequa, New York 11758
516-797-4560
www.thewp.org

নিউ ইয়র্ক স্টেট কেরিয়ার সেন্টার্স (NEW YORK STATE CAREER CENTERS)

160 South Ocean Avenue
Patchogue, New York 11772
631-687-4800
www.suffolkcountyny.gov